গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২৬.৯২

তারিখ : ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

**বিষয়: ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তায় কৃষি কার্ড প্রদানের প্রি-পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সহায়তা বাবদ প্রণোদনা কর্মসূচি বাবদ জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং - ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.৮২০, তারিখ: ১০-০৩-২০২৬খ্রি.।
২) কৃষি মন্ত্রণালয় এর স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২৬.৯২, তারিখ: ১৬-০৩-২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৫-২৬ অর্থবছরে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে কৃষি কার্ড প্রদানের প্রি-পাইলটিং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সহায়তা বাবদ প্রণোদনা কর্মসূচির ৮৩৪.১০ লক্ষ (আট কোটি চৌত্রিশ লক্ষ দশ হাজার) টাকা; ০২ নং অনুচ্ছেদে জেলাওয়ারী প্রস্তাবিত ব্লকসমূহে শ্রেণীভিত্তিক কৃষকের পরিসংখ্যান; ০৩ নং অনুচ্ছেদে প্রণোদনা কর্মসূচির আওতায় আর্থিক খরচের বিবরণ; ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। জেলাওয়ারী প্রস্তাবিত ব্লকসমূহে শ্রেণীভিত্তিক কৃষকের পরিসংখ্যান:

| ক্রম | বিভাগ | জেলা | উপজেলা ও ব্লক | শ্রেণিভিত্তিক কৃষকের পরিসংখ্যান | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ভূমিহীন | প্রান্তিক | ক্ষুদ্র | মাঝারী | বড় | |
| ১ | রংপুর | পঞ্চগড় | পঞ্চগড় সদর (কমলাপুর) | ১৬০ | ২২০ | ৫৬০ | ২২৬ | ২৮ | ১১৯৪ |
| ২ | রাজশাহী | বগুড়া | শিবগঞ্জ (উথলি) | ১৭৫ | ১,৫০০ | ১৪৫০ | ৪৫৩ | ১৭ | ৩৫৯৫ |
| ৩ | খুলনা | ঝিনাইদহ | শৈলকূপা (কৃপালপুর) | ২৪০ | ৫২০ | ৬০০ | ৩৮০ | ১০০ | ১৮৪০ |
| ৪ | বরিশাল | পিরোজপুর | নেছারাবাদ (রাজাবাড়ী) | ৪৮০ | ১০৪৯ | ১১৫৪ | ১১৮ | ০ | ২৮০১ |
| ৫ | চট্টগ্রাম | কক্সবাজার | টেকনাফ (রাজারছড়া) | ৩৫০ | ২৫০ | ১২০ | ৬০ | ১০ | ৭৯০ |
| ৬ | চট্টগ্রাম | কুমিল্লা | আদর্শ সদর (অরণ্যপুর) | ২১১ | ৫৯৫ | ৬২৮ | ৯৫ | ৮ | ১৪১৫ |
| ৭ | ময়মনসিংহ | জামালপুর | ইসলামপুর (গাইবান্ধা) | ৭০ | ১৪০০ | ২৫০০ | ১০০০ | ৩০ | ৫০০০ |
| ৮ | ঢাকা | টাঙ্গাইল | টাঙ্গাইল সদর (সুরুজ) | ২৫৫ | ৬১০ | ৫৯৪ | ১১০ | ১ | ১৫৭০ |
| ৯ | সিলেট | মৌলভীবাজার | জুড়ী (গোয়াল বাড়ী) | ১৩০ | ৩৬৫ | ৪৩৫ | ১৪০ | ৩০ | ১১০০ |
| ১০ | ঢাকা | রাজবাড়ী | গোয়ালন্দ (তেনাপঁচা) | ৩৫০ | ২৫০ | ১২০ | ৬০ | ১০ | ৭৯০ |
| সর্বমোট: | | | | ২৪২১ | ৬৭৫৯ | ৮১৬১ | ২৬৪২ | ২৩৪ | ২০০৯৫ |

০৩। প্রণোদনা কর্মসূচির আওতায় আর্থিক খরচের বিবরণ নিম্নরূপ:

(ক) উপসহকারী কৃষি অফিসার প্রশিক্ষণ-১ দিন (২৫ জন/ব্যাচ)

| ক্রমিক | বিবরণ | দিন | সংখ্যা | একক দর | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষনার্থীদের ভাতা | ১ | ৩০ | ১০০০ | ৩০০০০ |
| ২ | রিসোর্স পার্সন সম্মানী | ১ | ৪ | ৩৫০০ | ১৪০০০ |
| ৪ | কোর্স কো-অর্ডিনেটর সম্মানী | ১ | ১ | ৩৫০০ | ৩৫০০ |
| ৫ | সহায়ক কর্মচারী ভাতা | ১ | ২ | ১০০০ | ২০০০ |
| ৬ | নাস্তা ও খাবার | ১ | ৩৭ | ৫০০ | ১৮৫০০ |
| ৭ | প্রশিক্ষন সামগ্রী (কলম, প্যাড, ফোল্ডার ইত্যাদি) | ১ | ২৫ | ১০০০ | ২৫০০০ |
| ৮ | ব্যানার | ১ | ১ | ৩০০০ | ৩০০০ |
| ১২ | অন্যান্য (ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি) | ১ | থোক | থোক | ৪০০০ |
| | | | | | |
| | সর্বমোট | | | | ১,০০,০০০.০০ |

(খ) উপজেলা পর্যায়ে সভা আয়োজন

| ক্রমিক | বিবরণ | দিন | সংখ্যা | একক দর | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | সদস্যদের সম্মানি | ১ | ২৫ | ১৫০০ | ৩৭৫০০ |
| ২ | কলম, ফাইল/ ফোল্ডার | ১ | ২৫ | ৮০ | ২০০০ |
| ৩ | নাস্তা/ লাঞ্চ/ ইফতার | ১ | ২৫ | ৪০০ | ১০০০০ |
| ৪ | অন্যান্য | ১ | থোক | থোক | ৫০০ |
| | | | | সর্বমোট | ৫০০০০ |

(গ) উদ্বোধনি অনুষ্ঠান

| ক্রমিক | বিবরণ | দিন | সংখ্যা | একক দর | মোট |
|---|---|---|---|---|---|
| ১ | ভেন্যু রেকি এবং ডিজাইন ড্রয়িং | ১ | থোক | থোক | ২৫০০০০ |
| ২ | ব্রশিয়ার ও ইনভাইটেশন কার্ড, খাম | ১ | ১০০০ | ৯০০ | ৯০০০০০ |
| ৩ | স্টেজ ও মেইন ভেন্যু | ১ | থোক | থোক | ৩৫০০০০০ |
| ৪ | সাউন্ড সিস্টেম, লাইটিং | ১ | থোক | থোক | ৫০০০০০ |
| ৫ | ফটো, ভিডিও | ১ | থোক | থোক | ৩৫০০০০ |
| ৬ | খাবার | ১ | ১০০০ | ১২০০ | ১২০০০০০ |
| ৭ | ইভেন্ট সাপোর্ট টিম ব্যয় | ১ | থোক | থোক | ৫০০০০০ |
| ৮ | অন্যান্য | ১ | থোক | থোক | ৩০০০০০ |
| | | | | মোট | ৭৫০০০০০ |

(ঘ) কৃষক কার্ড প্রি-পাইলটিং কার্যক্রমের জন্য প্রাক্কলিত বাজেট

| ক্রম | অর্থনৈতিক কোড | বিবরণ | একক | পরিমাণ | একক দর | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ‘৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান’ | উপসহকারী কৃষি অফিসার প্রশিক্ষণ (১দিন) (২৫ জন/ব্যাচ) | ব্যাচ | ১০ | ১,০০,০০০.০০ | ১০,০০,০০০.০০ |
| ২ | | কৃষি ভর্তুকি/উপকরণ সহায়তা (আনু. উপকারভোগীর সংখ্যা: ২৫০০০) | সংখ্যা | ২৫০০০ | ২,৫০০.০০ | ৬,২৫,০০,০০০.০০ |
| ৩ | | কৃষক কার্ড প্রিন্টিং (৩৫০টাকা) (আনু. কৃষকের সংখ্যা প্রায় ২৭০০০) | সংখ্যা | ২৭০০০ | ৩৫০.০০ | ৯৪,৫০,০০০.০০ |
| ৪ | | কৃষক তথ্য সংগ্রহকারী ভাতা/সম্মানী ( ৫০.০০ টাকা) (আনু. কৃষকের সংখ্যা প্রায় ২৭০০০) | সংখ্যা | ২৭০০০ | ৫০.০০ | ১৩,৫০,০০০.০০ |
| ৫ | | সভা (২৫ জন) | সংখ্যা | ১০ | ৫০,০০০.০০ | ৫,০০,০০০.০০ |
| ৬ | | উদ্বোধনী অনুষ্ঠান | সংখ্যা | ১ | ৭৫,০০,০০০.০০ | ৭৫,০০,০০০.০০ |
| ৭ | | প্রিন্টিং/ফটোকপি | থোক | থোক | | ৫,০০,০০০.০০ |
| ৮ | | মোবাইল মেসেজ/যোগাযোগ | থোক | থোক | | ১,১০,০০০.০০ |
| ১০ | | আনুষাঙ্গিক | থোক | থোক | | ৫,০০,০০০.০০ |
| | | মোট | | | | ৮,৩৪,১০,০০০.০০ |

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০২৫ অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক কৃষক কার্ড বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৪. উপজেলা কৃষি অফিসারসহ কৃষক কার্ড প্রি-পাইলটিং কার্যক্রম বাস্তবায়নে নিয়োজিত কারিগরি টিম (PARTNER ও TARAPS) উপজেলা পর্যায়ে সকল উপসহকারী কৃষি কর্মকর্তাদের কৃষকের তথ্য সংগ্রহ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে;
৫. সকল কৃষক (একটি পরিবার ০১টি কৃষি কার্ড) কৃষি কার্ড পাবেন কিন্তু কৃষক কার্ড বিতরণসহ সরকার কর্তৃক নির্ধারিত জনপ্রতি ২৫০০ (দুই হাজার পাঁচশত) টাকা হারে নির্দিষ্ট শ্রেণীর কৃষকগণকে (ভূমিহীন, প্রান্তিক ও ক্ষুদ্র) খরিপ-১ ও খরিপ-২ মৌসুমের ফসল উৎপাদনের উপকরণ যেমন সার, বীজ, ইত্যাদি সংগ্রহের জন্য আর্থিক অনুদান প্রদান করা হবে। উল্লেখ্য, ফসল উৎপাদনকারী কৃষকের পাশাপাশি মৎস্যচাষী ও প্রাণিসম্পদ খামারীরাও উপজেলা বীজ, সার ও কার্ড প্রদান কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাবিত সকল সুযোগ সুবিধা পাবেন;
৬. প্রি-পাইলটিং ও পাইলটিং শেষে কৃষক কার্ড প্রদান কর্মসূচি আগামী ০৪ (চার) বছরের মধ্যে দেশের সকল উপজেলায় বাস্তবায়ন করা হবে। প্রি-পাইলট কার্যক্রমের আওতায় কৃষকদের জন্য ইউনিক QR কোড ভিত্তিক প্রিন্টেড কৃষক কার্ড ইস্যু করা যেতে পারে। কৃষি প্রণোদনার তথ্য সম্বলিত কার্ডটি নিয়ে সংশ্লিষ্ট কৃষক কৃষি উপকরণ সংগ্রহের জন্য নির্দিষ্ট ডিলার পয়েন্টে গেলে ডিলার কৃষক কার্ডের প্রিন্টেড QR কোডটি স্ক্যান করবেন এবং কৃষকের জন্য বরাদ্দকৃত প্রণোদনা (Incentive) যাচাই করে প্রণোদনার অর্থের সমপরিমাণ কৃষি উপকরণ প্রদান করবেন। স্ক্যানের মাধ্যমে প্রাপ্ত ভাউচার ও চালান (Invoice) উপজেলা কৃষি অফিসে দাখিল করে ডিলারগণ ভাউচার নগদায়ন (Encashment) করতে পারবেন;
৭. লবণচাষিদের কৃষক কার্ডভিত্তিক সরকারি সেবা ও সুবিধা প্রদানের বিষয়টি পরীক্ষা করার জন্য তাদের তথ্য সংগ্রহ করে যাচাই-বাছাইয়ের মাধ্যমে কৃষক ডাটাবেজে অন্তর্ভুক্ত করতে হবে। সেই লক্ষ্যে বিসিক'কে এই ওয়ার্কিং গ্রুপে অন্তর্ভুক্ত করতে হবে;
৮. ফসল চাষিদের পাশাপাশি মৎস্য ও প্রাণিসম্পদ উপ-খাতের চাষিদেরও প্রণোদনা কর্মসূচির আওতায় আনতে হবে। এ বিষয়টি নিশ্চিত করতে উপজেলা মৎস্য অফিসার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং উপজেলা কৃষি অফিসারকে নিয়ে উপজেলা নির্বাহী অফিসার সমন্বয় করে কার্যসম্পাদন করবেন;
৯. উপকারভোগী কৃষক নির্বাচন ও তালিকা প্রণয়নে প্রযোজ্য ক্ষেত্রে জেলা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটিকে সম্পৃক্ত করতে হবে;
১০. কৃষি কার্ড বিতরণ এবং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষকে যথাযথভাবে অবহিতকরণ করতে হবে;
১১. কর্মসূচির বাস্তবায়নের পর বরাদ্দকৃত অর্থের সমন্বয় বিবরণী এবং অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের কপিসহ কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ বিভাগে প্রতিবেদন প্রেরণ করবেন;
১২. ২০২৫-২৬ অর্থবছরের প্রণোদনা/পুনর্বাসন কর্মসূচির অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে;
১৩. **আনুষঙ্গিক ব্যয় বাবদ অর্থ বিতরণ সংক্রান্ত সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে; এবং**
১৪. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে; এবং**
১৫. **প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলার নাম:
উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| | | | | |

২৫/০৩/২৫

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

মহাপরিচালক,
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,
খামারবাড়ি, ঢাকা।

D:\প্রণোদনা ও পুনর্বাসন\pronodona-punorbason ২০২৫-২৬\কৃষক কার্ড\জিও কৃষক কার্ড প্রণোদনা (১).docx

তারিখ : ০২ চৈত্র ১৪৩২ / ১৬ মার্চ ২০২৬

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২৬.৯২

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/সম্প্রসারণ/প্রশাসন/পিপিসি) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১০ জেলা)।
১০. পরিচালক, সরেজমিন উইং. কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
১১. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১২. উপসচিব, সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ১০ জেলা)।
১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)।
১৮. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৯. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
২০. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোহাম্মদ সুহেল মাহমুদ
উপসচিব